

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৪৬

8১/ জান্নাতের বিবরণ (ﷺ) পরিচ্ছেদঃ জান্নাতের ঘোডার বিবরণ।

بَابُ مَا جَاءَ فِي صِفَةِ خَيْل الجَنَّةِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ سَمُرَةَ الأَحْمَسِيُّ، حَدَّتَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ وَاصِل، هُو ابْنُ السَّائِبِ عَنْ أَبِي سَوْرَةَ، عَنْ أَبِي أَيُّوبَ، قَالَ أَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم أَعْرَابِيُّ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِي أُحِبُّ الْخَيْلَ أَفِي الْجَنَّةِ خَيْلٌ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنْ أُدْخِلْتَ الْجَنَّةَ أُتِيتَ بِفَرَسٍ مِنْ يَاقُوتَةٍ لَهُ جَنَاحَانِ فَحُمِلْتَ عَلَيْهِ ثُمَّ طَارَ بِكَ وَسلم " إِنْ أُدْخِلْتَ الْجَنَّةَ أُتِيتَ بِفَرَسٍ مِنْ يَاقُوتَةٍ لَهُ جَنَاحَانِ فَحُمِلْتَ عَلَيْهِ ثُمَّ طَارَ بِكَ حَيْثُ شَبِّتَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِالْقُويِّ وَلاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ أَبِي أَيُّوبَ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَأَبُو سَوْرَةَ هُوَ ابْنُ أَخِي أَبِي أَيُّوبَ يُضَعَفُ فِي الْحَدِيثِ طَعْمَقُهُ يَحْيَى بْنُ مَعِينٍ جِدًّا قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ أَبُو سَوْرَةَ هَذَا مُنْكُرُ طَعْقُلُ أَبُو سَوْرَةَ هَذَا مُنْكُرُ الْحَدِيثِ يَرُوي مَنَاكِيرَ عَنْ أَبِي أَيُّوبَ لاَ يُتَابَعُ عَلَيْهَا .

বাংলা

২৫৪৬. মুহাম্মাদ ইবন ইসমাঈল ইবন সামুরা আহমাসী (রহঃ) আবূ আইয়ুব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একবার জনৈক মরুবারী আরব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এল। বললঃ ইয়া রাসূলাল্লাহ্! আমি ঘোড়া ভালবাসি। জান্নাতে ঘোড়া থাকবে কি? রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমাকে যদি জান্নাতে দাখিল করা হয় তবে ইয়াকূতের একটি ঘোড়া তোমার কাছে আনা হবে। এর দুটো পাখা হবে। এতে তোমাকে সওয়ার করানো হবে। এরপর তুমি যেখানে চাইবে সেখানেই তোমাকে নিয়ে সেটি উড়ে বেড়াবে।

যঈফ, মিশকাত ৫৬৪৩, যঈফা, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৪৪ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটির সনদ তত শক্তিশালী নয়। এই সূত্র ছাড়া আবূ আয়ূবে রাদিয়াল্লাহু আনহু-এর হাদীস হিসাবে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আবূ সাওরা (রহঃ) হলেন আবূ আয়ূব রাদিয়াল্লাহু আনহু-এর ভ্রাতুপ্পত্র। হাদীস রিওয়ায়তের ক্ষেত্রে তিনি যঈফ। ইয়াহ্ইয়া ইবন মাঈন (রহঃ) তাঁকে অত্যন্ত যঈফ বলে বর্ণনা করেছেন।



মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে বলতে শুনেছিঃ এই আবূ সাওরা হাদীছের ক্ষেত্রে মুনকার। আবূ আয়ূ্য (রাঃ) থেকে বহু মুনকার হাদীস বর্ণনা করে থাকেন যেগুলোর কোন মুতাবা' বা সমর্থনকারী রিওয়ায়ত নেই।

English

Abu Ayyub narrated that a Bedouin came to the Prophet (s.a.w) and said: "O Messenger of Allah, indeed, I love horses. Are there horses in Paradise?" The Messenger of Allah (s.a.w) said: "If you are admitted into Paradise, you shall be brought a horse of rubies with two wings, then you shall be carried on it, then it will fly with you wherever you want."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন